



## চার গবেষক ইউজিসি প্রফেসর মনোনীত

প্রকাশিত: ০৮ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

দেশের খ্যাতিমান চার গবেষককে ইউজিসি প্রফেসর হিসেবে নির্বাচিত করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। ইউজিসি চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহর সভাপতিত্বে ইউজিসি প্রফেসর নির্বাচন কমিটি গত সোমবার এ চারজনকে আগামী দুবছরের জন্য ইউজিসি প্রফেসর হিসেবে নির্বাচিত করে। নির্বাচিত ইউজিসি প্রফেসররা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অবসরপ্রাপ্ত প্রফেসর ড. ফকরুল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের অবসরপ্রাপ্ত প্রফেসর ড. খোরশেদ আহম্মদ কবির, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মেডিসিন বিভাগের অবসরপ্রাপ্ত প্রফেসর ডাঃ এবিএম আব্দুল্লাহ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং প্লান্ট প্যাথলজি বিভাগের অবসরপ্রাপ্ত প্রফেসর ড. আব্দুল মান্নান আকন্দ। ইউজিসি প্রফেসরশিপ নীতিমালা অনুযায়ী অবসরপ্রাপ্ত খ্যাতিমান গবেষকদের ইউজিসি প্রফেসরশিপ প্রদান করা হয়। ইউজিসি সদস্য প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, প্রফেসর ড এম. শাহ্ নওয়াজ আলি, প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন এবং প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর; জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারন-অর-রশিদ, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন এবং কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের পরিচালক (চলতি দায়িত্ব) মোঃ ওমর ফারুখ সভায় উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

